বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় রিসার্চ সিস্টেম (বাউরেস)
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ
বিজ্ঞপ্তি

নং-বাউরেস/ ৭৮৩(৫০)/২০২১ তারিখঃ ২২/০২/২০২১

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের গবেষণা কার্যক্রমের পরিধি বৃদ্ধি করার লক্ষ্যে রিসার্চ এডভাইজরি কমিটি (আরএসি) এর ৫৭তম সভার সিদ্ধান্ত মোতাবেক প্রতি বছরের ন্যায় বিশ্ববিদ্যালয়ের অর্থে জুলাই/২০২১ হতে জুন/২০২৩ পর্যন্ত ২(দুই) বা জুলাই/২০২১ হতে জুন/২০২২ পর্যন্ত ১(এক) বছর মেয়াদী প্রকল্প প্রস্তাবনা আহবান করা যাচ্ছে। এমতাবস্থায়, আরএসি কর্তৃক অনুমোদিত Research Priority Area অনুযায়ী নিম্নে উল্লেখিত শর্তাবলী মেনে নির্ধারিত ছকে Full Project Proposal জমা দিতে হবে (কপি সংযুক্ত)। আগামী **২২-০৩-২০২১ খ্রিঃ তারিখের** মধ্যে Project Proposal বাউরেস ওয়েবসাইটে (http://baures.bau.edu.bd/eapp/) Submit সহ এর ৫(পাঁচ) কপি (হার্ড কপি) পরিচালক, বাউরেস বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো। ঢ়

১। শুধুমাত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ কর্তৃক প্রকল্প প্রস্তাবনা জমা দেওয়া যাবে।

২। বিশ্ববিদ্যালয় অর্থায়নে বর্তমানে যে সকল শিক্ষকবৃন্দের প্রকল্প চলমান আছে তারা প্রকল্প জমা দিতে পারবেন না তবে, যে সকল চলমান প্রকল্পের মেয়াদ আগামী ৩০শে জুন/২০২১ তারিখের মধ্যে শেষ হবে, ঐ সকল প্রকল্পের গবেষকবৃন্দ প্রকল্প প্রস্তাবনা জমা দিতে পারবেন।

৩। একজন শিক্ষক শুধুমাত্র ১(এক) বৎসর অথবা ২(দুই) বৎসর মেয়াদী যে কোন একটি প্রকল্প প্রস্তাবনা দাখিল করতে পারবেন।

৪। দাখিলকৃত প্রকল্প প্রস্তাবনাটি অবশ্যই Original work ভিত্তিক হতে হবে। (দাখিলকৃত প্রকল্পটির অনুকূলে অন্য কোন দাতা সংস্থা থেকে অর্থ বা অনুদান গ্রহণ করলে তা বাতিল হয়ে যাবে)।

৫। আরএসি'র সিদ্ধান্ত মোতাবেক বিশ্ববিদ্যালয়ের যে সকল শিক্ষকবৃন্দ লিয়েন/প্রেষণে আছেন সে সকল শিক্ষকবৃন্দ প্রকল্প পরিচালনা করতে পারবেন না। তবে অবসরকৃত কোন শিক্ষক ইউজিসি এবং বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় এর সিন্ডিকেট কর্তৃক যথাক্রমে ইউজিসি প্রফেসর এবং এ্যামিরেটাস প্রফেসর বা সুপারনিউম্যারারী প্রফেসর হিসেবে মনোনীতি বা দায়িত্বপ্রাপ্ত হন, সেক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত শিক্ষক প্রকল্পের কো-অর্ডিনেটর বা প্রধান গবেষক হিসেবে প্রকল্প জমা প্রদান ও পরিচালনা করতে পারবেন।

৬। একজন শিক্ষক সর্বমোট ২(দুই)টি গবেষণা প্রকল্পে কাজ করতে পারবেন, যার মধ্যে বাউরেস থেকে (বিশ্ববিদ্যালয় অর্থায়নে) ১(এক)টি। কোন গবেষক বহিঃসংস্থা থেকে ২(দুই)টি প্রকল্পের সংগে সম্পৃক্ত থাকলে বাউরেস এর অর্থায়নে প্রকল্প প্রস্তাব জমা না দেয়ার জন্য অনুরোধ করা হলো।

৭। প্রকল্প প্রস্তাবনার প্রাথমিক যাচাইবাছাই, রিভিও ও মূল্যায়ন অনলাইনে করা হবে। চূড়ান্ত মূল্যায়নের জন্য দাখিলকৃত প্রস্তাবনাটি প্রধান গবেষককে মূল্যায়ন কমিটির সামনে নির্ধারিত সময়ে উপস্থাপন (presentation) করতে হবে। প্রধান গবেষক ছাড়া অন্য কেহ উপস্থাপন করতে পারবে না।

৮। মূল্যায়নের পূর্বে বা পরে প্রকল্প প্রস্তাবনাটিতে কোন সংশোধনের প্রয়োজন হলে সংশোধিত প্রকল্প প্রস্তাবনার ২(দুই) কপি পরবর্তীতে জমা দিতে হবে।

৯। যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে Project Proposal দাখিল করতে হবে অর্থাৎ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান ও ডীন মহোদয়ের প্রতি স্বাক্ষরিত হতে হবে।

১০। প্রযোজ্য ক্ষেত্রে প্রতিটি প্রকল্পে একজন নবীন শিক্ষককে কো-প্রধান গবেষক হিসেবে সম্পৃক্ত রাখতে পারবেন। যদি সংশ্লিষ্ট বিভাগে নবীন শিক্ষক না থাকে সেক্ষেত্রে বাউরেস কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে শর্তটি শিথিল করা যেতে পারে। তবে একজন শিক্ষক একটির বেশী প্রকল্পে প্রধান গবেষক/ কো-প্রধান গবেষক হিসেবে থাকতে পারবেন না

১১। প্রকল্পের বাৎসরিক মোট বাজেট ৪,০০,০০০/- (কথায়ঃ চার লক্ষ) টাকার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।

১২। বাৎসরিক মোট বাজেটে প্রধান গবেষকের সম্মানীভাতা বাবদ ১ মাসের মূল বেতন (৫০,০০০/- টাকার উর্ধ্বে নয়) এবং সহ- প্রধান গবেষকের সম্মানীভাতা বাবদ ১ মাসের মূল বেতন (৩০,০০০/- টাকার উর্ধ্বে নয়) উল্লেখ থাকতে হবে।

১৩। প্রকল্পের বাৎসরিক বাজেটে কমপক্ষে একজন এমএস/পিএইচডি ছাত্রের মাসিক ফেলোশীপ ৫,০০০/- হারে বার্ষিক ৬০,০০০/- অন্তর্ভুক্ত রাখতে হবে।

১৪। উক্ত বাৎসরিক বাজেটের মধ্যেই বার্ষিক Monitoring and Evaluation খাতে টা. ৪,৮০০/-(কথায়ঃ চার হাজার আটশত টাকা) মাত্র বরাদ্দ রাখতে হবে।

১৫। মূল্যায়ন কমিটি কর্তৃক সুপারিশকৃত এবং আরএসি এর অনুমোদিত প্রকল্পসমূহ যথাসময়ে (অর্থ প্রাপ্তি সাপেক্ষে) চালু করা হবে।

১৬। অনুমোদিত গবেষণা প্রকল্পের ফলাফল স্বীকৃত কোন জার্ণালে প্রকাশ করতে হবে এবং প্রকাশনার একটি কপি বাউরেস এ জমা দিতে হবে। উক্ত জার্ণালটির **ইমপ্যাক্ট ফ্যাক্টর** (Thomson Reuters) থাকলে বাউরেস থেকে সর্বোচ্চ ১০০ ইউ এস ডলার সম পরিমান অর্থ প্রকাশনা খরচ পূর্ণভরন হিসাবে প্রদান করা হবে।

১৭। নির্ধারিত ছক ছাড়া এবং নির্ধারিত তারিখের পর কোন অবস্থাতেই Project Proposal গ্রহণ করা হবে না।

১৮। কর্তৃপক্ষ যে কোন প্রকল্প প্রস্তাবনা গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

বি দ্রঃ অপর পৃষ্টায় অবশিষ্টাংশ

১৯। করোনাভাইরাস সংক্রামণ পরিস্থিতির কারণে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন থেকে অর্থ প্রাপ্তি না হলে কর্তৃপক্ষ আবেদনকৃত প্রকল্প প্রস্তাবনাগুলো প্রক্রিয়ান্বিত না করা/স্থগিত রাখার ক্ষমতা সংরক্ষণ করেন।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো ঃ

১। ডীন, ভেটেরিনারি অনুষদ//কৃষি অনুষদ//পশুপালন অনুষদ//কৃষি অর্থনীতি ও গ্রামীণ সমানবিজ্ঞান অনুষদ//কৃষি প্রকৌশল ও কারিগরি অনুষদ/ মাৎস্যবিজ্ঞান অনুষদ/পরিচালক,আইএডিএস/পরিচালক, জিটিআই/পরিচালক, হাওড় ইনস্টিটিউট/ পরিচালক, আইআইএফএস, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।

বিভাগীয় শিক্ষকবৃন্দের অংশগ্রহনের নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো ঃ

২। ....বিভাগ, বাকৃবি, ময়মনসিংহ।

৩। অফিস কপি।

22.02.21

পরিচালক, বাউরেস